



ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ

DIPLOMA KRISHIBID INSTITUTION, BANGLADESH

প্রধান কার্যালয়

কৃষি ল্যাবরেটরী বিল্ডিং, কৃষি খামার সড়ক, ফার্মগেইট, ঢাকা-১২১৫
ফোন : ৯১৩১৫৮০, ফ্যাক্স : +৮৮০-২-৯১১৬৩৩২, ই-মেইল : dkibbd@gmail.com, ওয়েব : www.dkib.org

স্মারক নং- ৯৬

তারিখ : ২২/৫/২০১৮

২০/০৫/২০১৮ইং তারিখে অনুষ্ঠিত বি.সি.এস (কৃষি) এসোসিয়েশন এর সভায়
ডিকেআইবি এর বিরুদ্ধে মিথ্যা, বানোয়াট ও ভিত্তিহীন অভিযোগের প্রতিবাদ।

২০/০৫/২০১৮ইং তারিখে অনুষ্ঠিত বি.সি.এস কৃষি ক্যাডার এর সভাপতি জনাব মোঃ আনোয়ার হোসেন খান এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কতিপয় দুর্নীতিবাজ কর্মকর্তাদের সরকার প্রদত্ত বিভিন্ন উপকরণ ও অর্থ কৃষককে না দিয়ে আত্মসাৎ করার বিরুদ্ধে ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ কর্তৃক যথাযথ স্থানে স্মারকলিপি প্রদানকে মনগড়া ব্যাখ্যা দিয়ে মাননীয় মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরকে, ডিপ্লোমা কৃষিবিদ নেতৃবৃন্দ ও মাঠে ময়দানে কর্মরত ডিপ্লোমা কৃষিবিদদের হয়রানীর জন্য উস্কানী প্রদান করেছেন। ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর পক্ষ থেকে তার তীব্র প্রতিবাদ ও ক্ষোভ এবং নিন্দা প্রকাশ করা হলো।

বাংলাদেশ সিভিল সার্ভিস (কৃষি) এসোসিয়েশন এর ২০/০৫/২০১৮ইং তারিখে সুপারিশকৃত (গৃহিত) সিদ্ধান্ত সমূহ সম্পূর্ণ স্বৈচ্ছাচার মূলক ও বিধি বহির্ভূত। কারণ একটি পেশাজীবী সংগঠন মাঠে সংঘটিত চুরি ও দুর্নীতির বিরুদ্ধে ঘোষিত কর্মসূচীকে ভিন্ন খাতে প্রবাহিত করে মূলত চুরি দুর্নীতিকে উৎসাহিত করেছে যা দেশদ্রোহীতার সামিল।


কতিপয় কৃষিবিদের অপকর্মের বিরুদ্ধে ডিকেআইবির পক্ষ থেকে তীব্র নিন্দা ও ক্ষোভ প্রকাশ করা হলো।

উপজেলা জেলায় কর্মরত কৃষি কর্মকর্তাগণ বিভিন্ন প্রকল্পের প্রদর্শনীর টাকা কৃষকদেরকে সঠিকভাবে এবং সঠিকমাত্রায় প্রদান না করে আত্মসাৎ করছেন। এসব ঘটনা সুস্পষ্ট প্রমাণসহ মহাপরিচালক মহোদয়কে অবহিত করা সত্ত্বেও অদ্যাবদি তিনি কোন ব্যবস্থা গ্রহণ করেননি।

নারায়নগঞ্জে আড়াইহাজার, সদর এবং বন্দর উপজেলার কৃষি কর্মকর্তা প্রদর্শনীর টাকা আত্মসাৎ করেছেন। চুয়াডাঙ্গা সদর, বালিয়াডাঙ্গী ঠাকুরগাঁও, শরিয়তপুরের গোসাইরহাট, হবিগঞ্জে আজমেরীগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া সদর, চট্টগ্রামের আনোয়ারা ও সন্দ্বীপ উপজেলাসহ শত শত উপজেলার কৃষি কর্মকর্তাগণ কৃষকদের প্রদর্শনীর টাকা না দিয়ে আত্মসাৎ করছেন। যথাযথ তদন্ত সাপেক্ষে এসব ঘটনার বিচার না করে দুর্নীতিকে ঢাকার জন্য মহাপরিচালক মহোদয় তৎপর রয়েছেন।

মাননীয় প্রধানমন্ত্রী স্বয়ং যেখানে দুর্নীতির বিরুদ্ধে অবস্থান ঘোষণা করেছেন। ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ মাননীয় প্রধানমন্ত্রীর সেই ঘোষণা অনুযায়ী দুর্নীতির বিরুদ্ধে অবস্থান গ্রহণ করেছেন মাত্র। এখন থেকে কৃষকদের স্বার্থ সংরক্ষণের জন্য যে কোন কঠোর কর্মসূচীর জন্য প্রস্তুত থাকতে সকল ডিপ্লোমা কৃষিবিদদেরকে আহ্বান করা হলো। মাঠে ময়দানে কর্মরত সকল ডিপ্লোমা কৃষিবিদ ভাই-বোনদের এ ব্যাপারে সোচ্চার প্রতিবাদ জ্ঞাপন ও নির্ধারিত সকল স্থানে স্মারকলিপি প্রদানের জন্য আহ্বান জানানো হলো।

মাঠে কর্মরত সকল ডিপ্লোমা কৃষিবিদদের নিজ দায়িত্ব সঠিকভাবে পালনসহ দুর্নীতিবাজ কৃষি কর্মকর্তাদের দুর্নীতির প্রমাণ চিত্র সংগ্রহ করে। দুর্নীতি দমন কমিশনসহ কৃষি মন্ত্রণালয়ের মাননীয় কৃষি মন্ত্রী ও মাননীয় সিনিয়র সচিব মহোদয়কে অবহিত করার জন্য বিশেষভাবে আহ্বান জানানো হলো।


(এ টি এম আবুল কাশেম)
সভাপতি

ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ
০১৭১১-৪৮৮৪২৫